



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

বিজ্ঞপ্তি

নং- ৫১২/বিদ্যালয়-১/সাধারণ/১৯২৩

তারিখ : ১১/০১/২০১৮

বিষয় : শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা প্রতিপালন প্রসঙ্গে।


সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ২৬/১২/২০১৭ তারিখের স্মারক নং- ৩৭.০১.৩০৮০.১৮৭.১৪.২১.২০১৭-৪৪১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে আবেদন ফরম ও ভর্তি ফি আদায়ে সরকারি নির্দেশনা রয়েছে। শিক্ষার্থীদের নিকট হতে অতিরিক্ত অর্থ আদায় কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না। এ প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী শিক্ষার্থী ভর্তির কার্যক্রম গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


সংযুক্তি : সূত্রোক্ত পত্র।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান।

চেয়ারম্যানের আদেশক্রমে


11-01-18

প্রফেসর এ.টি.এম. মইনুল হোসেন
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।


২২/০১/১৮

৪৪৩১, ৪৪৩২, ৪৪৩৩
০৪.০১.১৪

বি/প/স
২০.১০.১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
নিরীক্ষা অধিশাখা
www.shed.gov.bd

৪

স্মারকনং- ৩৭.০১.৩০৮০.১৮৭.১৪.২১.২০১৭-৪৪১

তারিখঃ ১২ পৌষ ১৪২৪
২৬ ডিসেম্বর ২০১৭

পরিপত্র

বিষয়: শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা প্রতিপালন।

সরকার মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে আবেদন ফরম ও ভর্তি ফি আদায়ে সরকারি নির্দেশনা অনুসরণের জন্য পরিপত্র নং- শিম/অডিট সেল/২৪৩/২০১১/৪৭৫, তারিখ ০৬ জুলাই ২০১৪; ১৫ নভেম্বর ২০১৭ তারিখ ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১১-১১৮২ নং স্মারকে “সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা” এবং ০৩ ডিসেম্বর ২০১৭ তারিখ ৩৭.০০.০০০০.০৭২.০৬.০২১.১৬.১১১৫ নং স্মারকে “বেসরকারি স্কুল/স্কুল এন্ড কলেজে, নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তরে শিক্ষার্থী ভর্তি নীতিমালা” জারি করিয়াছে। শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে বর্ণিত পরিপত্র ও নীতিমালার নির্দেশনাসমূহ অনুসরণ করিতে হইবে। নির্দেশনার ব্যত্যয় ঘটাইয়া শিক্ষার্থীদের নিকট হইতে অতিরিক্ত অর্থ আদায় কোনক্রমেই গ্রহণযোগ্য হইবে না। সরকারি নির্দেশনা প্রতিপালনপূর্বক আর্থিক স্বচ্ছতা নিশ্চিতকরণক্রমে যথাযথ প্রক্রিয়ায় শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে সরকার নিম্নরূপ অনুশাসন জারি করিল:

১. শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে অন্যান্য প্রক্রিয়াসহ সকল আর্থিক কার্যক্রমে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট নীতিমালা/পরিপত্রের নির্দেশনাসমূহে আবশ্যিকভাবে অনুসরণ করিতে হইবে।
২. ভর্তির আবেদন ফরম বাবদ বর্ণিত নীতিমালা মোতাবেক সরকারি বিদ্যালয়ের ক্ষেত্রে সর্বোচ্চ ১৭০ (একশত সত্তর) টাকা এবং বেসরকারি বিদ্যালয়ের ক্ষেত্রে সর্বোচ্চ ২০০ (দুইশত) টাকা গ্রহণ করা যাইবে।
৩. ভর্তি ফি ও সেশন চার্জ বাবদ সরকারি বিদ্যালয়ের ক্ষেত্রে পরিপত্র নং- শিম/অডিট সেল/২৪৩/২০১১/৪৭৫, তারিখ ০৬ জুলাই ২০১৪ এর তফসিল খ এবং প্রযোজ্য অনুচ্ছেদসমূহ এবং বেসরকারি বিদ্যালয়ের ক্ষেত্রে ০৩ ডিসেম্বর ২০১৭ তারিখ ৩৭.০০.০০০০.০৭২.০৬.০২১.১৬.১১১৫ নং স্মারকে জারিকৃত “বেসরকারি স্কুল/স্কুল এন্ড কলেজে, নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তরে শিক্ষার্থী ভর্তি নীতিমালা” এর অনুচ্ছেদ ১০ এর উপ-অনুচ্ছেদ খ, গ, ঘ ও ঙ আবশ্যিকভাবে অনুসরণ করিতে হইবে।
৪. ভর্তি প্রক্রিয়ায় আয়-ব্যয়ের সকল হিসাব যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে এবং ৩১ জানুয়ারির মধ্যে স্ব স্ব শিক্ষা বোর্ডে দাখিল করিতে হইবে।
৫. সরকারি নির্দেশনার ব্যত্যয় ঘটাইয়া অতিরিক্ত অর্থ আদায় করা হইলে তাহা গুরুতর আর্থিক অনিয়ম হিসাবে বিবেচিত হইবে এবং ইহার জন্য আয়ন-ব্যয়ন কর্মকর্তাসহ সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিবর্গের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হইবে।
৬. কোনক্রমেই একাডেমিক কাউন্সিলের বা সংশ্লিষ্ট কোন কমিটির অনুমোদন নিয়া খাত বহির্ভূত ব্যয় বা নির্ধারিত ব্যয় সীমা অতিক্রম করা যাইবে না।

স্বাক্ষরিত/২৬.১২.২০১৭

(আহমদ শামীম আল রাজী)
যুগ্ম সচিব (নিরীক্ষা ও আইন)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

৪